# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
## ময়মনসিংহ

ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন 'চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ' শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৯ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ |
| তারিখ ও সময় | ঃ | ২৪.১১.২০২১খ্রি., সকাল ১০.৩০ ঘটিকা |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-ক |

২. সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে আহবান জানান। প্রকল্প পরিচালক সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। সভাপতি মহোদয় প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের কর্মপরিকল্পনা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান আরডিপিপি অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থ বছরে ই-জিপির আওতায় ০৩(পাঁচ)টি পূর্ত কাজের টেন্ডার আহবান করার পরিকল্পনা রয়েছে। প্যাকেজগুলোর প্রারম্ভিক কার্যক্রম যেমন-ড্রয়িং ডিজাইন, প্রাক্কলন প্রণয়ন ইত্যাদি কার্যক্রম সম্পূর্ণ করে টেন্ডার আহবান করা হবে। এ পর্যায়ে সভাপতি মহোদয় প্রকল্পের আওতায় চলমান পুকুর সংস্কার ও গবেষণার অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, আগামী ডিসেম্বরের মধ্যেই পুকুর সংস্কার কাজের কার্যাদেশ প্রদান করা হবে। এ পর্যায়ে সভাপতি পূর্ত কাজের গুণগতমান বাজায় রেখে কার্য সম্পাদন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

৩. সভাপতি প্রকল্পের আওতায় জাহাজ ক্রয়ের অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, জাহাজের সকল ইকুইপমেন্ট ও মেশিনারিসমূহ কমিশনিং পূর্বক Acceptance Trial গত ১৯ আগষ্ট ২০২১ তারিখে টেকনিক্যাল কমিটির উপস্থিতিতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে ইনস্টিটিউটের ১০জন কর্মকর্তা/কর্মচারীদের ১৪দিনের ট্রেনিং সম্পূর্ন করেছে। জাহাজটি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে বেশ আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে হস্তান্তর করার জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত রয়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় আনুষ্ঠানিকভাবে জাহাজটি হস্তান্তরের জন্য মন্ত্রণালয়কে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

৪. মন্ত্রণালয়ের প্রতিনিধি জুম অ্যাপ এর মধ্যমে অংশগ্রহণ করে গবেষণার অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় নয়টি (০৯) গবেষণা কর্মসূচির মধ্যে ০৬ টির কার্যক্রম জুন/২১ শেষ হয়েছে এবং বাকি ০৩টি গবেষণা কর্মসূচির কাজ আগামী জুন/২২ সমাপ্ত হবে। প্রকল্প পরিচালক সভায় উল্লেখ্য করেন গবেষণাগুলো বাস্তবায়ন হলে ইলিশের আহরণ মাত্রা, সর্বোচ্চ টেকসই উৎপাদন, জীবভর নির্ধারণ, ইলিশ মাছের অকাল ডিম্বাশয়ের পরিপক্কতার কারণ নির্ণয় করা যাবে- যা ভবিষ্যতে ইলিশ ব্যবস্থাপনা কৌশল নীতি বা কর্মপরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ পর্যায়ে সভাপতি মহোদয় গবেষণার সর্বশেষ অগ্রগতি প্রকল্পের পরবর্তী স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

৫. অত:পর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ডিসেম্বরের পূর্বেই পুকুর সংস্কার কাজের কার্যাদেশ প্রদান করতে হবে এবং গুণগতমান বাজায় রেখে প্রকল্প মেয়াদে পূর্ত কাজ বাস্তবায়ন করতে হবে।

খ) অনুষ্ঠানিকভাবে জাহাজটি হস্তান্তরের জন্য মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে।

গ) গবেষণার সর্বশেষ অগ্রগতি প্রকল্পের পরবর্তী স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/২১

(ড. ইয়াহিয়া মাহমুদ)
মহাপরিচালক
ও
সভাপতি, পিআইসি

চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত) প্রকল্পের পিআইসি'র ৯ম সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম/ই-মেইল/ফোন নম্বর | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১ | ড. মো. জুলফিকার আলী CSO | BFRI | ২৪/১১/২১ |
| ০২ | মো: শরীফুল ইসলাম PSO | BFRI | |
| ০৩ | ড. মো. [illegible] [illegible] (N S O) | BFRI | |
| ০৪ | মো: খোরশেদ বাশার প্রকল্প পরিচালক | BFRI | |
| ০৫ | | | |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |

## চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত) প্রকল্পের পিআইসি'র ৯ম সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম/ই-মেইল/ফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোহাঃ মোজাম্মেল হক<br>উপসচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | | |
| ০২ | | | |
| ০৩ | | | |
| ০৪ | | | |
| ০৫ | | | |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |

চাঁদপুরস্থ নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ প্রকল্প
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট
নদী কেন্দ্র, চাঁদপুর-৩৬০২

পত্র নং- ৩৩.০৪.০০০০.১২২.১৯.৪০৪.১৭-২৪৬০ তারিখ: ২১.১১.২০২১খ্রি.

## সভার নোটিশ

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের পিআইসি'র ৯ম সভা আগামী ২৪/১১/২০২১খ্রি. তারিখ বুধবার সকাল ১০:৩০ ঘটিকায় ইনস্টিটিউটের সদর দপ্তরের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে। ইনস্টিটিউটের মহাপরিচালক ড. ইয়াহিয়া মাহমুদ উক্ত সভায় সভাপতিত্ব করবেন। সভায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি ও আইএমইডির প্রতিনিধি Zoom apps এর মাধ্যমে অংশগ্রহনের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০২. উক্ত সভায় কমিটি'র সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ
ক) প্রকল্পের কার্যক্রম সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
খ) চলতি ২০২১-২২ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা পর্যালোচনা;
গ) প্রকল্পের অর্থায়নে পরিচালিত গবেষণা অগ্রগতি পর্যালোচনা ও
ঘ) বিবিধ।

২১.১১.২০২১

(মো: আবুল বাশার)
প্রকল্প পরিচালক
মোবাইল: ০১৭১৭-৬৭১৮১৯
ই-মেইল: mabashar.bfri@gmail.com

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :
১। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সভাপতি, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
২। পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৪। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৫। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৬। আইএমইডির প্রতিনিধি ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৭। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন শাখা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও সদস্য, প্রকল্প বাস্তবায়ন কমিটি।
৮। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।

ফোন: ০৮৪১-৬৩৪০৭ (অফিস), মোবাইল: ০১৭১৭-৬৭১৮১৯, ই-মেইল: mabashar.bfri@gmail.com, ওয়েব: www.fri.gov.bd